

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য - ১ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০২২.১৪-৩৪৬

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৩
২১ জুলাই ২০১৬

প্রজ্ঞাপন


বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৯/১০/২০১৫ তারিখের ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-৩০০ নং স্মারক পত্রের সুপারিশ, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্বিতীয় শ্রেণীর নন-ক্যাডার কারিগরী সহকারী ০১(এক)টি এবং সহকারী হ্যাচারী কর্মকর্তা ০১(এক)টি পদে নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তাকে ১০ম গ্রেডে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা: ১৬০০০ - ৩৮৬৪০/- স্কেলে) নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগপূর্বক কর্মকর্তার নামের পাশে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলোঃ

শর্তাবলীঃ

- ক. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- খ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা নিয়োগপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকুরী থেকে অপসারণ করতে পারবে;
- গ. চাকুরীতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- ঘ. যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ঙ. কোন সরকারী বা বেসরকারী দপ্তরে কার্যরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে;
- চ. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/ অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে;
- ছ. এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;
- জ. উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৭ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ/ ০১ আগষ্ট/২০১৬ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাঙ্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

ক্রমিক নং	রেজিঃ নম্বর, নিজজেলা ও সুপারিশের ভিত্তি	সুপারিশকৃত প্রার্থীর নাম ও পদের নাম	পদায়নকৃত কর্মস্থল	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	০১৯৪৫০ কুমিল্লা মেধা	মোঃ গোলাম মোস্তফা কারিগরী সহকারী	কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারের কার্যালয়, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, চট্টগ্রাম	শূন্য পদে
২.	০১৯১৮৬ কুড়িগ্রাম মেধা	শারমিন সুলতানা সহকারী হ্যাচারী কর্মকর্তা	উত্তর পশ্চিম মৎস্য সম্প্রসারণ প্রকল্প (রাজস্ব), পার্বতীপুর দিনাজপুর	শূন্য পদে

০২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(সৈয়দ মেহদী হাসান)
উপ-সচিব
ফোন: ৯৫৭৭২৬২

চলমান পাতা-২

